দৈনিক ইত্তেফাক

তারিখ 20 JUN 1993
পৃষ্ঠা ৭ কলাম ৬

এইচ এস সি পরীক্ষা

# দ্বিতীয় দিনে সহস্রাধিক বহিষ্কৃত

ইত্তেফাক রিপোর্ট ।। গতকাল (শনিবার) ১৯৯৩ সালের এইচ, এস, সি পরীক্ষার দ্বিতীয় দিনে বাংলা দ্বিতীয় পত্রের পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে সারাদেশে সহস্রাধিক পরীক্ষার্থী বহিষ্কৃত হইয়াছে। পরীক্ষা মোটামুটি শান্তিপূর্ণ পরিবেশে অনুষ্ঠিত হয়। তবে ফরিদপুরের আলম ডাঙ্গায় পরীক্ষার হলে যাওয়ার পথে কতিপয় তরুণ কর্তৃক ৩ জন শিক্ষক লাঞ্ছিত হন। সাভার কলেজ কেন্দ্রে ১ জন ছাত্রীকে বহিষ্কার করা হইলে একদল তরুণ কর্তব্যরত

(শেষ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## এইচএসসি পরীক্ষা

(১ম পৃঃ পর)

শিক্ষক ও কর্মকর্তাদের প্রতি অশোভন আচরণ করে বলিয়া অভিযোগ পাওয়া গিয়াছে।

গতকালও রাজশাহী শিক্ষা বোর্ডে সর্বাধিকসংখ্যক বহিষ্কারের খবর পাওয়া গিয়াছে। বোর্ড কর্তৃপক্ষ কোন তথ্য দেয় নাই। ঢাকা হইতে রাজশাহী বোর্ডের চেয়ারম্যানের বাসায়, কন্ট্রোলারের বাসায়, কন্ট্রোলরুমে একাধিকবার টেলিফোন করা হইয়াছে। রিং বাজিয়াছে। কিন্তু কেহই রিসিভার উঠান নাই। ইত্তেফাকের রাজশাহী অফিস জানায়, গতকাল রাজশাহী বোর্ডে বহিষ্কারের সংখ্যা ৪২১। রাজশাহী জেলায় ২৫ জন, পাবনা জেলায় ৩ জন, বগুড়া জেলায় ৩৯ জন, জয়পুর হাট জেলায় ৩ জন, ঠাকুরগাঁও জেলায় ৫১ জন, পঞ্চগড় জেলায় ১৮ জন রংপুর জেলায় ১০৪জন, কুড়িগ্রাম জেলায় ১১জন, নীলফামারী জেলায় ১৬ জন, চাপাইনবাবগঞ্জ জেলায় ১৭ জন পরীক্ষার্থী বহিষ্কৃত হয়।

ঢাকা বোর্ডে বহিষ্কারের সংখ্যা ২১১। বোর্ড সূত্রে ও ইত্তেফাকের সংবাদদাতাবৃন্দের পাঠানো তথ্য অনুযায়ী ঢাকা জেলায় ১১ জন, নারায়ণগঞ্জ জেলায় ১ জন, মুন্সিগঞ্জ জেলায় ৯ জন, জামালপুর জেলায় ৮ জন, শেরপুর জেলায় ৬ জন, টাঙ্গাইল জেলায় ২৭ জন, ফরিদপুর জেলায় ৯ জন, নেত্রকোনায় জেলায় ১৬ জন গোপালগঞ্জ জেলায় ২২ জন ও গাজীপুর জেলায় ৭ জন পরীক্ষার্থী বহিষ্কৃত হইয়াছে। সাভার কলেজ কেন্দ্রে একটি কলেজের ছাত্র সংসদের জনৈক নেত্রীকে বহিষ্কার করা হইলে কতিপয় তরুণ কর্তব্যরত শিক্ষক ও অফিসারের প্রতি অশোভন আচরণ করে।

ইত্তেফাকের কুমিল্লা সংবাদদাতা জানান: কুমিল্লা বোর্ডে মোট ৩৪৪ জন বহিষ্কৃত হইয়াছে। চট্টগ্রাম জেলায় ১৩১ জন, কুমিল্লা জেলায় ১২৮ জন, ফেনী জেলায় ৫১ জন, লক্ষ্মীপুর জেলায় ৭জন, ব্রাহ্মণবাড়িয়া জেলায় ১৩ জন, সিলেট জেলায় ২জন, নোয়াখালী জেলায় ১৫ জন ও চাঁদপুর জেলায় ৩জন পরীক্ষার্থী বহিষ্কৃত হয়।

গতকালও যশোর বোর্ডের প্রকৃত তথ্য পাওয়া যায় নাই। বোর্ডের জনৈক কর্মকর্তার মন্তব্য "কন্ট্রোলরুমগুলি পূর্ণ সহযোগিতা করিতেছে না। দুর্যোগপূর্ণ আবহাওয়ার অভিযোগে অনেকে দায়িত্ব এড়াইয়া চলিয়াছে। যশোর বোর্ডের বরিশাল জেলায় ১৯জন, পটুয়াখালী জেলায় ১৫ জন ও যশোর জেলায় ৭ জন সহ মোট ৪১ জন পরীক্ষার্থীকে বহিষ্কারের খবর পাওয়া গিয়াছে।

### তথ্য গোপন করা হইতেছে

গতকাল বিভিন্ন সূত্রের সহিত আলাপ করিয়া জানা যায়, এইচ. এস, সি পরীক্ষায় বহিষ্কার, অপ্রীতিকর ঘটনার প্রকৃত সংশ্লিষ্টদের অনেকেই প্রকাশ করিতেছেন না। এলাকার দুর্নাম হইবে এই ভয়ে অনেকে তথ্য গোপন রাখিতেছেন। অথবা দেরীতে সংশ্লিষ্ট দফতরে তথ্য পাঠাইতেছেন। বৃহস্পতিবার এইচ, এস, সি পরীক্ষা শুরু হইয়াছে। অনেকে প্রথম দিনের খবর গতকাল সংশ্লিষ্ট দফতরে পাঠাইয়াছেন। যশোর বোর্ডে এই ঘটনার সংখ্যা বেশী বলিয়া একটি সূত্র জানায়।

রাজশাহী অফিস ।। গতকাল শনিবার বাংলা দ্বিতীয় পত্রের পরীক্ষায় অসদুপায় অবলম্বনের অভিযোগে রাজশাহী বোর্ডের অধীনে রাজাশাহী জেলার বিভিন্ন কেন্দ্র হইতে ২৫ জন, পাবনায় ৩ জন, বগুড়ায় ৩৯ জন, জয়পুরহাটে ৩ জন, ঠাকুরগাঁয় ৫১ জন, পঞ্চগড়ে ১৮ জন, রংপুরে ১০৩ জন, কুড়িগ্রামে ১১ এবং নীলফামারীর বিভিন্ন কেন্দ্র হইতে ১৬ জনকে বহিষ্কার করা হইয়াছে। বোর্ড সূত্রে বলা হয়, জয়পুরহাটে ১২ জন ও রংপুরে ৩জন পরীক্ষার্থী অনুপস্থিত ছিল। কোথাও কোন গোলযোগের খবর পাওয়া যায় নাই।

বরিশাল অফিস ।। বানারীপাড়া থানার বাইশারী এইচএসসি পরীক্ষা কেন্দ্র হইতে গতকাল (শনিবার) পরীক্ষা শুরুর একঘন্টা পর একজন পরীক্ষার্থী হল হইতে উত্তরপত্রসহ পালাইয়া যায়। পরীক্ষাশেষ হওয়ার একঘন্টা পর